দৈনিক
জনকণ্ঠ

তারিখ: 23 AUG 2017
পৃষ্ঠা: ... কলাম: ...

# বাকৃবির দুই কার্যালয়ে তালা

**বাকৃবি সংবাদদাতা ॥ জাতীয়** বেতন স্কেল ১৫ বাস্তবায়ন ও পদোন্নতির দাবিতে কর্মকর্তাদের আন্দোলনে একাত্মতা প্রকাশ না করায় রেজিস্ট্রার ও কোষাধ্যক্ষ কার্যালয়ে তালা দিয়েছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের আন্দোলনরত কর্মকর্তারা। মঙ্গলবার দুপুর ২টার দিকে অফিসার পরিষদের নেতারা ক্ষুব্ধ হয়ে তালা ঝুলায়। জানা গেছে, জাতীয় বেতন স্কেল ১৫ বাস্তবায়ন ও পদোন্নয়নের দাবিতে গত জুন মাসে কর্মবিরতি পালন করে বিশ্ববিদ্যালয়ের অফিসার পরিষদ। সে সময় তাদের আন্দোলনে একাত্ম ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ও কোষাধ্যক্ষ। ওই আন্দোলনের প্রেক্ষিতে তিন সপ্তাহের সময় দিয়ে স্কেল বাস্তবায়ন কমিটি ও স্ট্যান্ডিং কমিটি গঠন করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। ওই কমিটির আগামী ৩১ আগস্ট প্রতিবেদন জমা দেয়ার কথা থাকলেও কর্মকর্তারা ২০ আগস্ট সময় বেঁধে দেন। কর্মকর্তাদের দেয়া সময়ের মধ্যে প্রতিবেদন জমা না পড়ায় মঙ্গলবার পুনরায় প্রশাসন ভবনের সামনে কর্মবিরতি করে তারা। এই কর্মবিরতিতে রেজিস্ট্রার ও কোষাধ্যক্ষ যোগ না দেয়ায় ক্ষুব্ধ হয়ে তাঁদের কার্যালয়ে তালা ঝুলিয়ে দেয় কর্মকর্তারা।